

আপনার মতামত দিন পড়তে থাকুন...

এটা কীভাবে কাজ করে

ধাপ 1

আমি ইতোমধ্যে আপনার এবং আপনার পরিস্থিতিগুলির সম্বন্ধে কী কী জানি সেগুলি উল্লেখ করে একটি চিঠি সংযুক্ত করেছি। আমি ব্যাখ্যা করেছি যে আমি কীভাবে আমার সিদ্ধান্ত নেব এবং আমি আপনাকে কয়েকটা প্রশ্নও জিজ্ঞাসা করে থাকতে পারি।

ধাপ 2

আপনাকে এখন এই চিঠির উত্তর দিতে হবে। আমার কাছে আপনার সম্বন্ধে যে তথ্য আছে তা সঠিক কিনা বলুন। আপনি যদি মনে করেন যে আমার অন্য কিছু জানা উচিত তাহলে আমাকে সেগুলির সম্বন্ধে জানান এবং প্রশ্নগুলির উত্তর দিন। এটা গুরুত্বপূর্ণ, কারণ সঠিক সিদ্ধান্ত নেওয়ার জন্য আমার যে সমস্ত তথ্য প্রয়োজন, আমার কাছে সেগুলি আছে কিনা সেটা সুনিশ্চিত করার জন্য এটাই আপনার সুযোগ।

ধাপ 3

আমি আপনার উত্তর পাওয়ার পরে সিদ্ধান্ত নেব, যদি না আমার আরও তথ্য প্রয়োজন হয়। আপনি যদি উত্তর না দেন, তাহলে আমি আমার কাছে ইতোমধ্যে থাকা তথ্যাবলী ব্যবহার করে সিদ্ধান্ত নিতে পারি। আমি আপনাকে একটি লিখিত সিদ্ধান্ত পাঠাব এবং জবসেন্টার প্লাসকে একটি কপি পাঠাব।



এতে কত সময় লাগে

আপনি যত দ্রুত উত্তর দেবেন, আমিও তত দ্রুত আমার সিদ্ধান্ত নিতে পারব। সাধারণত আপনার উত্তরের এক সপ্তাহের মধ্যে এটা করা হবে।

আপনার কোনো প্রশ্ন থাকলে

আমরা সাহায্য করার জন্য আমাদের সেবা প্রয়াস করব। সোমবার থেকে শূক্রবার সকাল 9.00টা থেকে বিকাল 4.30টার মধ্যে **0800 0961926** নম্বরে আমাদের ফোন করুন। আপনি সরাসরি এমন কারও কাছে পৌঁছে যাবেন যিনি সাহায্য করতে পারেন। আপনি ল্যান্ডলাইন থেকে বিনামূল্যে ফোন করতে পারেন। আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করেন তাহলে আমরা আপনাকে ফিরতি কল করব।

কীভাবে উত্তর দিতে হয়

আপনি সোমবার থেকে শূক্রবার সকাল 9.00টা থেকে বিকাল 4.30টার মধ্যে **0800 0961926** নম্বরে ফোনে উত্তর দিতে পারেন। আপনি ল্যান্ডলাইন থেকে বিনামূল্যে ফোন করতে পারেন। আপনি যদি মোবাইল ফোন ব্যবহার করেন তাহলে আমরা আপনাকে ফিরতি কল করব। আপনি সাধারণত সরাসরি পৌঁছতে পারবেন। এটা হল উত্তর দেওয়ার দ্রুততর উপায়। আমরা আপনার উত্তর লিখে নেব এবং আপনাকে এটা পড়ে শোনাব। আপনি কী বলেছিলেন তার একটা কপি আমরা সিদ্ধান্তের সাথে আপনাকে পাঠাব।

আপনি লিখতরূপে উত্তর দিতে পারেন, **আমরা আপনাকে যে উত্তরের ফর্ম ও খাম পাঠিয়েছি, সেগুলি ব্যবহার করুন।**

আপনি যদি অন্য কোনও ভাষায় আমাদের সাথে কথা বলতে চান বা চিঠি লিখতে চান তাহলে আমরা এটার বন্দোবস্ত করতে পারি। **0800 0961926** নম্বরে আমাদের ফোন করুন, আমরা এই ব্যাপারে আপনার সাথে আলোচনা করব।

যদি আপনার দৃষ্টিশক্তি বা শ্রবণশক্তির সমস্যা থাকে

যদি আপনার দৃষ্টিশক্তির সমস্যা থাকে এবং আপনি আমাদের চিঠিগুলি ব্রেইলে, বা বড় ছাপার হরফে পেতে চান তাহলে অনুগ্রহ করে **0800 0961926** নম্বরে আমাদের ফোন করুন।

আপনি যদি বধির হন বা শোনার সমস্যা থাকে এবং আপনার টেক্সট ফোন ব্যবহার করার সুযোগ থাকে তাহলে আপনি **0800 0961929** নম্বরে আমাদের ফোন করতে পারেন।

আপনার যদি কোনও আভিযোগ থাকে

আপনি যদি আমাদের পরিষেবার কোনও ব্যাপারে সন্তুষ্ট না হন, তাহলে আমাদের সাথে যোগাযোগ করুন। আপনি বিনামূল্যে **0800 096 1928** নম্বরে আমাদের ফোন করতে পারেন বা ইন্ডিপেন্ডেন্ট রিভিউ সার্ভিস, ফ্রিপোস্টে আমাদের চিঠি লিখতে পারেন।

আমরা আপনার দ্বারা আমাদেরকে প্রদত্ত তথ্যকে কীভাবে ব্যবহার করি সেই বিষয়ে আমাদের গোপনীয়তা নীতি ব্যাখ্যা দেয়। অনুরোধ করলে অথবা www.irs-review.org.uk এ আমাদের ওয়েবসাইট থেকে এটা পাওয়া যায়।